

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

1.1 রূপকল্প (Vision):

ক্রীড়াবিদ ও ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণ সাধনের মাধ্যমে একটি সুস্থ সবল, মননশীল এবং ক্রীড়ামোদি জাতি গঠন।

1.2 অভিলক্ষ্য (Mission):

দুঃস্থ, আহত অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের জন্য আর্থিক সহায়তা বা বৃত্তি প্রদানের মাধ্যমে তাদের অসহায়ত্ব দূর করা।

1.3 কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

ক্রীড়াবিদ/ক্রীড়াসেবীদের দারিদ্র বিমোচন ও খেলাধুলায় উৎসাহ প্রদান।

1.4 কার্যাবলি (Functions):

- (০১) বিশিষ্ট দুঃস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য, ক্ষেত্রমত, পুরস্কার, অনুদান, চিকিৎসা, আর্থিক সহায়তা বা বৃত্তি প্রদানের নিমিত্ত নীতিমালা প্রণয়ন করা।
- (০২) দুঃস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য চিকিৎসা ব্যবস্থা, আর্থিক সহায়তা, অনুদান প্রদান অথবা মাসিক বা বাৎসরিক বৃত্তি প্রদান করা;
- (০৩) দুঃস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবীর মৃত্যুর ক্ষেত্রে তাঁর পরিবারের জন্য চিকিৎসা ব্যবস্থা, আর্থিক সহায়তা, অনুদান প্রদান অথবা মাসিক বা বাৎসরিক বৃত্তি প্রদান করা;
- (০৪) ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্য বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের জন্য পুরস্কার প্রদান করা;
- (০৫) ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের দক্ষতার উৎকর্ষ সাধনের নিমিত্ত আর্থিক সহায়তা, বৃত্তি বা অনুদান প্রদান করা;
- (০৬) ক্রীড়াসেবীর পরিবারের মেধাবী সদস্যকে শিক্ষার জন্য বৃত্তি বা স্টাইপেন্ড প্রদান করা;
- (০৭) দুঃস্থ, আহত বা অসমর্থ ক্রীড়াসেবী এবং পরিবারের কল্যাণ ও পুনর্বাসনের উদ্দেশ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা;
- (০৮) ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণার্থে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিভিন্ন ধরনের স্কীম প্রবর্তন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা;
- (০৯) তহবিল বৃদ্ধির উদ্দেশ্যে, সরকারের পূর্বানুমোদনক্রমে, স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, হস্তান্তর ও পরিচালনা করা বা বিভিন্ন ধরনের স্কীম প্রবর্তন, প্রকল্প গ্রহণ ও পরিচালনা করা;
- (১০) সরকার কর্তৃক আরোপিত শর্তাধীনে উহার অনুমোদিত প্রকল্পের জন্য ঋণ সংগ্রহ করা;
- (১১) লক্ষ্য ও উদ্দেশ্য বাবাস্তবায়নের জন্য চাঁদা, অনুদান ও উপহার গ্রহণ এবং লটারীর ব্যবস্থা করা;
- (১২) তহবিল পরিচালনা ও প্রশাসনিক উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
- (১৩) উপরি-উক্ত দফাসমূহে উল্লিখিত কার্যাবলী সম্পাদনের জন্য যে কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্যান্য কার্য সম্পাদন করা।